# বাংলাদেশে ফ্যাসিবাদকে আর সুযোগ দেওয়া হবে না: জামায়াত আমির




জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, দেশের মানুষের প্রয়োজনের সময়ে তাদের দল কখনো পিছিয়ে থাকেনি। ভবিষ্যতেও জনগণের পাশে থাকার প্রত্যয় ব্যক্ত করে তিনি বলেন, জামায়াত কাপুরুষ বা দুর্বল কোনো দল নয়।

সোমবার (১০ আগস্ট) সকালে গাইবান্ধার সাঘাটা উপজেলার বোনারপাড়া কাজী আজহার আলী উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ডা. শফিকুর রহমান বলেন, তারা এমন একটি রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠা করতে চান যেখানে দেশের মানুষ শান্তি, নিরাপত্তা ও সমৃদ্ধির সঙ্গে বসবাস করতে পারবে। বাংলাদেশে ফ্যাসিবাদী রাজনীতির পুনরাবৃত্তি ঠেকাতে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানান তিনি।

তিনি বলেন, জনগণের রায়কে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রয়োজনীয় সংস্কার বাস্তবায়ন করতে হবে। এর মধ্য দিয়েই একটি মানবিক, গণতান্ত্রিক ও স্থিতিশীল বাংলাদেশের পথ তৈরি করা সম্ভব।

সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতির প্রসঙ্গ তুলে জামায়াত আমির বলেন, অতীতে যারা ক্ষমতা ধরে রাখার চেষ্টা করেছেন, শেষ পর্যন্ত তাদের দেশ ছাড়ার পরিস্থিতি তৈরি হয়েছে। একই ধরনের রাজনৈতিক পথে কেউ এগোলে তার পরিণতিও ভালো হবে না বলে মন্তব্য করেন তিনি। এ প্রসঙ্গে ভারতের দিল্লির কথাও উল্লেখ করেন জামায়াত আমির।

দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়েও উদ্বেগ প্রকাশ করেন ডা. শফিকুর রহমান। তিনি বলেন, হত্যা ও অন্যান্য অপরাধের ঘটনা নিয়ে সাধারণ মানুষের মধ্যে উদ্বেগ রয়েছে। নিহত শিবির নেতা সাইফুল্লাহ বারীসহ বিভিন্ন হত্যাকাণ্ড ও গুমের ঘটনায় জড়িতদের দ্রুত শনাক্ত করে গ্রেপ্তার এবং আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান তিনি।

সমাবেশের আগে সকালে সাঘাটার বোনারপাড়ায় নিহত শিবির নেতা সাইফুল্লাহ বারীর কবর জিয়ারত করেন জামায়াত আমির। পরে তিনি নিহতের স্বজনদের সঙ্গে দেখা করেন এবং তাদের সঙ্গে কথা বলেন।